চুয়াডাঙ্গা-১ আসনে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনে স্বতন্ত্র প্রার্থীকে জরিমানা

চুয়াডাঙ্গা-১ আসনে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের দায়ে স্বতন্ত্র ঈগল প্রতিকের প্রার্থীর কর্মীকে ১৫ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল শনিবার বিকেলে উপজেলার মুন্সিগঞ্জ পশুহাট প্রাঙ্গণে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা সহকারি কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজওয়ানা নাহিদ।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আচরণ বিধি প্রতিপালন নিশ্চিত করতে গতকাল শনিবার বিকেলে উপজেলার বিভিন্ন স্থানে উপজলা সহকারী কমিশনার (ভূমি) নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজওয়ানা নাহিদ এ অভিযান পরিচালনা করেন।

এ অভিযানে আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের মুন্সিগঞ্জ পশুহাট এলাকায় স্বতন্ত্র প্রার্থী দিলীপকুমার আগরওয়ালার একই ইউনিয়নে দুটি নির্বাচনি অফিস, আলোকসজ্জা ও তোড়ন নির্মাণের অভিযোগ পাওয়া যায়। এতে নির্বাচনী আচরণ বিধি লঙ্ঘনের অভিযোগে এ প্রার্থীর এক দায়িত্বরত কর্মীকে ১৫ হাজার টাকা জরিমানা করা হয় এবং তাৎক্ষণিক নির্বাচনি অফিস বন্ধ করে আলোকসজ্জা ও তোড়ন অপসারণ করা হয়।

সহকারি কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজওয়ানা নাহিদ বলেন, নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করলে কাউকেই ছাড় দেওয়া হবে না। নির্বাচনে সকল প্রার্থীকেই আইন মেনে চলতে হবে। নির্বাচন পর্যন্ত এ অভিযান অব্যাহত থাকবে।